

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি কর্মকর্তার কার্যালয়
গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।

উপজেলা পরিষদের কৃষি ও সেচ বিষয়ক কমিটি সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ শরিফুল ইসলাম সরকার

ভাইস চেয়ারম্যান,

উপজেলা পরিষদ, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।

স্থান : উপজেলা কৃষি কর্মকর্তার কার্যালয়।

গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।

তারিখ : ১৭/০১/২০২২ খ্রিঃ


সময় : বিকাল ৩.০০ ঘটিকা।

সভার উপস্থিত সকল সদস্যদের নাম, পদবী ও স্বাক্ষর “পরিশিষ্ট-ক” তে বর্ণিত।

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি আলোচ্যসূচী অনুযায়ী আলোচনার সূত্রপাত করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তা, গোবিন্দগঞ্জকে অনুরোধ করেন। অতঃপর সভায় নিম্ন বর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১।	উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প এর আওতায় পঞ্চম পর্যায়ে বাস্তবায়নের জন্য কৃষিক্ষেত্রে সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প নির্বাচন	উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা পরিষদের পক্ষ থেকে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প এর আওতায় পঞ্চম পর্যায়ে বাস্তবায়নের জন্য কৃষিক্ষেত্রে সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প প্রস্তাবনা প্রেরণের জন্য চিঠি প্রদান করা হয়েছে। উক্ত চিঠির আলোকে সভাপতি ও সকল সদস্যদেরকে সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প নির্ধারণ করার অনুরোধ জানান। সকল সদস্যগণ আলোচনায় বলেন যে, কোভিড-১৯ মহামারির কারণে দেশ তথা গোবিন্দগঞ্জ উপজেলায়ও বেকার সংখ্যা বৃদ্ধি পেয়েছে বিশেষত তরুন যুব সমাজ। এই বৃহৎ যুব সমাজকে অর্থনৈতিক কর্মকাণ্ডে সম্পৃক্ত করা প্রয়োজন। এ জন্য তাদের জন্য এমন একটি প্রশিক্ষণের ব্যবস্থা করা যাতে স্থানীয় সম্পদকে ব্যবহার করে অর্থনৈতিকভাবে লাভবান হতে পারে। এর পরিপ্রেক্ষিতে কৃষি অফিসার মহোদয় নিম্নোক্ত শিরোনামের প্রশিক্ষণ প্রস্তাব করেন ও উপস্থিত সকল সদস্য একমত পোষন করেন এবং উপ-প্রকল্প প্রস্তাবনাটি বিবেচনা করার জন্য উপজেলা প্রকল্প বাছাই কমিটিতে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। সিদ্ধান্তঃ- “উপজেলা পর্যায়ে তরুন কৃষি উদ্যোক্তা তৈরি বিষয়ক প্রশিক্ষণ” প্রস্তাবনা উপজেলা প্রকল্প বাছাই কমিটিতে প্রেরণ।	উপজেলা কৃষি ও সেচ বিষয়ক কমিটি
০২।	চলমান কৃষি প্রযুক্তি সমূহের বিবরণ	উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, বর্তমানে কৃষিকে লাভজনক করে তোলার জন্য বিভিন্ন ধরনের নতুন নতুন প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে কৃষকরা লাভবান হতে পারবে। এ সকল প্রযুক্তির মধ্যে রয়েছে ১. সুষম সার ব্যবহার ২. কম বয়সী চারা রোপন ৩, এম আর আই পদ্ধতি অনুসরণ ৪. এলসিসি ও গুটি ব্যবহারের	কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।

ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
		<p>পদ্ধতি ব্যবহার ৬. সেক্সফেরোমন ট্রীপ ব্যবহার ৭. সেচের পানি অপচয় রোধ কল্পে এডরিউডি পদ্ধতি ব্যবহার ও বেডনালা ব্যবহার।</p> <p>সিদ্ধান্ত- সকল লাগসই কৃষি প্রযুক্তি ব্যবহারে কৃষীদের উদ্বুদ্ধ করার সিদ্ধান্ত হয়।</p>	



মোঃ শরিফুল ইসলাম সরকার
ভাইস চেয়ারম্যান,
উপজেলা পরিষদ,
গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।

ও


সভাপতি

উপজেলা কৃষি ও সেচ বিষয়ক কমিটি

স্মারক নং- ৬৭/৩

সনয় অবগতি/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
২. উপজেলা নির্বাহী অফিসার, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
৩. চেয়ারম্যান..... ইউপি, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
৪. অফিস কপি।



সৈয়দ রেজা-ই-মাহমুদ
উপজেলা কৃষি কর্মকর্তা
গোবিন্দগঞ্জ, গাইবান্ধা

ও

সদস্য সচিব

উপজেলা কৃষি ও সেচ বিষয়ক কমিটি

পরিশিষ্ট "ক"

ক্রমিক নং	সভায় উপস্থিত সদস্যদের পদবী	স্বাক্ষর
১।	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ- সভাপতি	স্বাক্ষরিত
২।	চেয়ারম্যান, ১ নং কামদিয়া ইউনিয়ন পরিষদ - সদস্য	স্বাক্ষরিত
৩।	চেয়ারম্যান, ১০ নং রাখালবুরুজ ইউনিয়ন পরিষদ- সদস্য	স্বাক্ষরিত
৪।	সহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ) গোবিন্দগঞ্জ, গাইবান্ধা- সদস্য	স্বাক্ষরিত
৬।	উপজেলা কৃষি কর্মকর্তা - সদস্য সচিব	স্বাক্ষরিত